গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-
১০০০।
www.dyd.gov.bd

## নিয়োগের আবেদনের তারিখ সংশোধনী সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে যুব উন্নয়ন অধিদপ্তরের গ্রেড ১৯ থেকে গ্রেড ২০ভূক্ত ০৮(আট) ক্যাটাগরি পদে পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত আবেদন গ্রহণের তারিখ কারিগরি কারণে নিম্নোক্তভাবে সংশোধন করা হলো:

| নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত আবেদন গ্রহণের তারিখ | সংশোধিত আবেদন গ্রহণের তারিখ |
|---|---|
| ১২-১১-২০২০ খ্রি. সকাল ১০.০০ টা থেকে<br>১৩-১২-২০২০ খ্রি. বিকাল ৫.০০ টা পর্যন্ত | ১৫-১১-২০২০ খ্রি. সকাল ১০.০০ টা থেকে<br>১৪-১২-২০২০ খ্রি. বিকাল ৫.০০ টা পর্যন্ত |

১০/১১/২০২০

(মোঃ জাহাঙ্গীর আলম)
পরিচালক(প্রশাসন ও অর্থ)
ফোন : ৯৫৫০৮৬৩

একই স্মারক ও তারিখ সম্বলিত নিয়োগ বিজ্ঞপ্তির স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

www.dyd.gov.bd;যুউঅ.বাংলা

নং-৩৪.০১.০০০০.০০৫.১১.০১৩.২০- ৮৫৮ তারিখঃ ০২/১১/২০২০খ্রিঃ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"(সংশোধিত)

যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ীভাবে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অন-লাইনে নির্ধারিত ছকে আবেদন আহবান করা যাচ্ছে :

| ক্র: নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | বাবুর্চি | ০২টি | ৮৫০০-২০৫৭০/- (গ্রেড-১৯) | কোন স্বীকৃত বোর্ড হইতে ,মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ০২ | ক্যাটল এন্ড পোল্ট্রি এ্যাটেনডেন্ট | ০২টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ০৩ | বেয়ারার | ০৪টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৪ | ফরাশ কাম নৈশ প্রহরী | ০৪টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | অন্যূন অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৫ | পরিচ্ছন্নতা কর্মী (ঝাড়ুদার) | ০১টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | অন্যূন অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৬ | নিরাপত্তা প্রহরী (গার্ড) | ০৮টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | অন্যূন অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৭ | অফিস সহায়ক | ৪৬টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৮ | নৈশ প্রহরী কাম ফরাশ | ১৪টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | অন্যূন অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

শর্তাবলী :

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে।

১. আবেদনকারীর বয়স ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশিত সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করা হবে।

৩. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

চলমান পাতা-০২

৪. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://DYD.Teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(i) online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১৫/১১/২০২০ খ্রি. তারিখ সকাল ১০.০০টা।

(ii) online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ১৪/১২/২০২০ খ্রি. তারিখ বিকাল ০৫.০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID. ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা প্রার্থীদের আবেদন প্রেরণের সার্ভিসচার্জ ০৬/-(ছয়) টাকা মোট ৫৬(ছাপান্ন)টাকা মাত্র অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS : DYD<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : DYD ABCDEF

Reply : Applicant's Name, TK 56.00 Will be charged as application fee, Your PIN is 12345678. To pay fee Type DYD<space> Yes <space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS DYD <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : DYD YES 12345678

Reply : Congratulations Applicant's Name, Payment completed successfully for DYD application for post xxxxxxxxx User ID is(ABCDEF) and password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://DYD.Teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি নিয়োগ পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

চলমান পাতা-০৩

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে DYD <space> Help <space> User <space> User ID. send to 16222

Example : DYD Help User ABCDEF& send to 16222

(ii) PIN Number জানা থাকলে DYD <space> Help <space> PIN <space> PIN No & send to 16222

Example : DYD Help PIN 12345678 & send to 16222

৫. প্রার্থীর যোগ্যতা যাচাই :

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(i) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ)।

(ii) প্রার্থীর যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ কাউন্সিলার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

(iii) মুক্তিযোদ্ধা সংক্রান্ত সনদ/প্রত্যয়ন পত্র গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত হতে হবে। শারীরিক প্রতিবন্ধীদের উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র।

(iv) মহিলা কোটা ব্যতিত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমানপত্রের সত্যায়িত ছায়ালিপি।

(v) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ কাউন্সিলার/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(vi) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

(vii) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)

৬. নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য www.dyd.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৭. নিয়োগ সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

৮. নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটানীতি অনুসরণ করা হবে।

৯. কোন কারণ দর্শানো ব্যতিরেকে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল/স্থগিত করার পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২০/১১/2020

(মোঃ জাহাঙ্গীর আলম)
যুগ্মসচিব
পরিচালক(প্রশাসন ও অর্থ)
ফোনঃ ৯৫৫০৮৬৩।